

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 28-01-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Governor ICFAI :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল ইকফাই বিশ্ববিদ্যালয়ে পাঁচদিনব্যাপী উত্তর-পূর্বাঞ্চল আন্তঃ বিশ্ববিদ্যালয় তরঙ্গ উৎসব ২০২৫-এর উদ্বোধন করেন। অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ান ইউনিভার্সিটি ও ইকফাই বিশ্ববিদ্যালয় আয়োজিত যুবা সম্প্রদায়কে নিয়ে এই উৎসবে তিনি বলেন বিকশিত ভারত গড়ার যে স্বপ্ন প্রধানমন্ত্রী দেখেছেন তা বাস্তবায়নের লক্ষ্যে যুবসমাজকেই অগ্রণী ভূমিকা নিতে হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. বিপ্লব হালদার। তরঙ্গ উৎসবে দেশের বিভিন্ন প্রান্তের ২২টি বিশ্ববিদ্যালয়ের ৮০০-রও বেশি ছাত্রছাত্রী অংশ নিয়েছে। এই উৎসব আগামী ৩১ জানুয়ারি পর্যন্ত চলবে।

\*\*\*\*\*

**PM-Trump :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের সাথে কথা বলেছেন। দ্বিতীয়বার ক্ষমতায় আসার জন্য শ্রী মোদী তাঁকে অভিনন্দন জানান। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে প্রধানমন্ত্রী বলেন, ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র পারস্পরিক লাভজনক ও বিশ্বস্ত অংশীদারিত্বের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ। দুই দেশ জনগণের কল্যাণে এবং বিশ্ব শান্তি, সমৃদ্ধি ও নিরাপত্তার জন্য একসঙ্গে কাজ করবে।

\*\*\*\*\*

**Akashbani Seminar :**

আকাশবাণী আগরতলার উদ্যোগে আন্তঃ কলেজ কুইজ প্রতিযোগিতা গতকাল শেষ হয়েছে। এদিন আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত শেষ দিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অধ্যাপক অরুনোদয় সাহা, বরিষ্ঠ সাংবাদিক প্রনব সরকার, আকাশবাণী আগরতলার ভারপ্রাপ্ত কেন্দ্রীয় অধিকর্তা তি দিনেশ কুমার, কার্যক্রম বিভাগের প্রধান জয়শ্রী দেববর্মা। অধ্যাপক অরুনোদয় সাহা রেডিওর গুরুত্ব তুলে ধরে ছাত্রছাত্রীদের রেডিও শোনার আহ্বান জানান। কুইজের মূল পর্বের প্রতিযোগিতায় ৫টি কলেজের মধ্যে প্রথম স্থান দখল করে মহারাজা বীর বিক্রম কলেজ, দ্বিতীয় স্থান টিআইটি, তৃতীয় স্থান দখল করে টেকনো কলেজ।

\*\*\*\*\*

#### **PM Odisha/ Uttarakhand :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ওড়িশা ও উত্তরাখণ্ড সফরে যাবেন। তিনি ভুবনেশ্বরের জনতা ময়দানে "উৎকর্ষ ওড়িশা, মেক ইন ওড়িশা" কনক্লেভ ২০২৫ এর উদ্বোধন করবেন। কনক্লেভ চলাকালীন ১০০ টিরও বেশি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে, যা সাড়ে তিন লক্ষ লোকের কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা রয়েছে। পরে, প্রধানমন্ত্রী ৩৮তম জাতীয় গেমসের উদ্বোধন করতে উত্তরাখণ্ডের দেরাদুনে যাবেন। চলতি মাসে এটি হবে প্রধানমন্ত্রীর দ্বিতীয় ওড়িশা সফর। তিনি ৯ জানুয়ারি ভুবনেশ্বরে প্রবাসী ভারতীয় দিবস অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন।

\*\*\*\*\*

#### **NCC, PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল নতুনদিল্লির কারিয়াপ্পা প্যারেড গ্রাউন্ডে বার্ষিক ন্যাশনাল ক্যাডেট কর্পস বা এনসিসির সমাবেশে যোগ দেন। এই বছরের NCC PM সমাবেশের বিষয় হল 'যুব শক্তি, বিকশিত ভারত'। প্রধানমন্ত্রী তাঁর বক্তব্যে এক জাতি এক

নির্বাচনের অধীনে একযোগে নির্বাচন পরিচালনার উপর জোর দিয়ে, যুবাদের এ বিষয়ে বিস্তারিত আলোচনা করার কথা বলেন। তিনি বলেন, একাধিক নির্বাচন দেশের কাজের গতিকে বাধাগ্রস্ত করে। প্রধানমন্ত্রী দেশের উন্নয়নে তরুণদের অবদানের প্রশংসা করেন। তিনি বলেন, মুদ্রা যোজনা, জাতীয় শিক্ষা নীতি এবং বৃত্তির সহজলভ্যতা তরুণদের নতুন উচ্চতা অর্জনে সহায়তা করেছে। প্রধানমন্ত্রী একটি উন্নত জাতিতে পরিণত হওয়ার লক্ষ্যমাত্রা অর্জনে কাজ করার ওপর জোর দেন।

\*\*\*\*\*

**Dinesh. K. Tripathi :**

নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল দীনেশ কে ত্রিপাঠি গতকাল দিল্লিতে ইন্দোনেশিয়ার নৌবাহিনীর প্রধান অ্যাডমিরাল মোহাম্মদ আলীর সাথে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। বৈঠকে সামুদ্রিক সহযোগিতা আরও গভীর করা এবং দু'দেশের মধ্যে সম্পর্ক জোরদার করার ওপর গুরুত্ব দেওয়া হয়। এছাড়াও যৌথ উদ্যোগে সমুদ্র শক্তিকে আরও শক্তিশালী করা, অপারেশনাল সহযোগিতা জোরদার করা এবং জলদস্যুতা ও সমুদ্রে অন্যান্য অবৈধ কার্যকলাপের মোকাবেলার পন্থা পদ্ধতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। অ্যাডমিরাল আলী ব্রহ্মস এরোস্পেস প্রাইভেট লিমিটেড পরিদর্শন করেন এবং প্রতিরক্ষা ও কৌশল ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও জোরদার করার বিষয়ে মত বিনিময় করেন।

\*\*\*\*\*

**NSS Camp :**

রাজধানীর পিএম শ্রী কামিনী কুমার সিংহ মেমোরিয়াল বিদ্যালয়ের এন এস এস এর বিশেষ শিবিরে গতকাল এক মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। শিবিরে হোমিওপ্যাথি, আয়ুর্বেদিক এবং দন্ত চিকিৎসকরা এলাকার দেড় শতাধিক মানুষের পাশাপাশি স্কুলের ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ প্রদান

করেন। পরে বিদ্যালয় চত্বরে বৃক্ষরোপন করেন আমন্ত্রিত অতিথি সহ ছাত্রছাত্রীরা।

\*\*\*\*\*

#### **Health Camp South :**

বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজের জাতীয় সেবা প্রকল্পের উদ্যোগে ও অভ্যন্তরীণ গুণমান নির্ণায়ক শাখার সহযোগিতায় হৃদরোগ এবং 'ইএনটি' রোগ বিষয়ক সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় হৃদরোগ বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ টুটন দাস ও ইএনটি সার্জেন ডাঃ স্বাগতা চক্রবর্তী উপস্থিত ছিলেন। সভায় এই দুই রোগের লক্ষণ ও প্রতিকার সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন চিকিৎসকরা।

\*\*\*\*\*

#### **Pithe Puli Utsab :**

আগরতলা মহিলা মোর্চার উদ্যোগে গতকাল ইন্দ্রনগর সংসঙ্গ চৌমুহনী এলাকায় পিঠে পুলি উৎসবের আয়োজন করা হয়। এদিন স্ব-সহায়ক দলের মহিলারা বিভিন্ন ধরনের খাবারের স্টল নিয়ে বসেছিলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপারসন ঝর্ণা দেববর্মা, প্রদেশ বিজেপির সহ-সভাপতি পাপিয়া দত্ত প্রমুখ।

\*\*\*\*\*

#### **Yatra Utsab :**

রাজ্যে যাত্রা শিল্পের বিকাশে তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগামী ফেব্রুয়ারি মাসের দ্বিতীয় সপ্তাহে ধর্মনগরে রাজ্যভিত্তিক যাত্রা উৎসব অনুষ্ঠিত হবে। ১২ দিনব্যাপী রাজ্যভিত্তিক যাত্রা উৎসবে রাজ্যের বিভিন্ন জেলার যাত্রাদল অংশ নেবে। রাজ্যের বিভিন্ন জেলার ২৩টি যাত্রা দল ইতিমধ্যেই যাত্রা উৎসবে অংশ নেওয়ার জন্য তাদের যাত্রার পান্ডুলিপি তথ্য ও সংস্কৃতি দপ্তরে জমা দিয়েছে।

\*\*\*\*\*

#### **Khelo India :**

লাদাখে গতকাল খেলো ইন্ডিয়া শীতকালীন ক্রীড়া-২০২৫-এর সমাপ্তি হয়। খেলো ইন্ডিয়ার দ্বিতীয় পর্ব আগামী ফেব্রুয়ারী মাসের ২২ থেকে ২৫ তারিখ পর্যন্ত জম্মু ও কাশ্মীরে অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে বারো দশমিক দুই ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*